

২০২১

ষষ্ঠ সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : DSE-B-4

(লোকসংস্কৃতি ও লোকসাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাস্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) 'লোক' ও 'লোকসংস্কৃতি'র ধারণায় বারবার পরিবর্তন ঘটেছে। সংজ্ঞাও পালটেছে। এই বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০
অথবা,
(খ) পারমার্থিক কামনা নয়, ইহলৌকিক কামনাই ব্রত-পালনের মুখ্য সুর।— 'সেঁজুতি' ব্রতানুষ্ঠানের প্রেক্ষিতে উক্তিটির যথার্থ্য প্রতিপন্ন করো। ১০
- ২। (ক) ছড়ার একটি গ্রহণযোগ্য সংজ্ঞা দাও। ছড়ার পাঠান্তরের কারণ নির্দেশ করো। ২+৮
অথবা,
(খ) ধাঁধার উদ্ভবসংক্রান্ত মতবাদগুলি সংক্ষেপে পর্যালোচনা করো। ১০
- ৩। (ক) প্রবাদের লক্ষ্য হল মানবচরিত্র ও তার সমালোচনা।— মন্তব্যটি বিচার করো। ১০
অথবা,
(খ) 'রূপকথা লোককথার ভাণ্ডারটিকে সমৃদ্ধ করেছে।'— এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো। ১০
- ৪। (ক) লোকসাহিত্যের শ্রেণিবিভাগ করো। ৫
অথবা,
(খ) টাইপ ও মোটিফের সংজ্ঞা দাও। ৫
- ৫। (ক) ছৌ-নৃত্যে মুখোশের ব্যবহার গুরুত্বপূর্ণ।— ছৌ-নৃত্যে মুখোশ ব্যবহারের তাৎপর্য বুঝিয়ে দাও। ৫
অথবা,
(খ) প্রাচীনকালে ধাঁধার একটি সামাজিক আচারগত মূল্য ছিল, এখনও কোথাও কোথাও আছে।— সংক্ষেপে আলোচনা করো। ৫

Please Turn Over

৬। (ক) প্রবাদ ও প্রবচনের পার্থক্য নির্দেশ করো।

৫

অথবা,

(খ) বাউল সাধনার মূল বক্তব্য মানবতত্ত্ব। লালনের গান এই তত্ত্বের প্রকৃষ্ট সমর্থক।— ব্যাখ্যা করো।

৫

৭। যে-কোনো একটি বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো।

৫×১

(ক) পুণ্যপুকুর

(খ) রায়বেঁশে

(গ) ভাটিয়ালি।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) 'Folklore'-শব্দটি কে প্রস্তাব করেন?

(খ) 'Folklore'-এর বাংলা প্রতিশব্দ 'লোকসংস্কৃতি' ছাড়া অন্য একটি বাংলা প্রতিশব্দের উল্লেখ করো।

(গ) টাইপ মোটিফ পদ্ধতির আবিষ্কারে যে দুজন ব্যক্তি যুক্ত তাঁদের নাম উল্লেখ করো।

(ঘ) 'বাংলার ব্রত' বইটি কার লেখা?

(ঙ) 'ব্রত' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ নির্দেশ করো।

(চ) 'গম্ভীরা'-র একাধিক অর্থ।— একটি অর্থ লেখো।

(ছ) 'রায়বেঁশে' শব্দের অর্থ কী?

(জ) ছৌ-নৃত্যের দুটি প্রচলনক্ষেত্রের নাম লেখো।

(ঝ) বাংলা ধাঁধার প্রথম সংকলক কে?

(ঞ) 'ধাঁধা' শব্দের নানা অর্থ।— একটি অর্থ লেখো।

(ট) ছড়া ও প্রবাদের মধ্যে একটি পার্থক্য নির্দেশ করো।

(ঠ) 'প্রবাদ' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ লেখো।

(ড) একটি বাংলা পৌরাণিক প্রবাদের উল্লেখ করো।

(ঢ) গাড়ীয়াল, মাছত ও মইয়্যাল-এর সাক্ষাৎ কোন বাংলা লোকসংগীতে পাওয়া যায়?

(ণ) ব্রতকথার একটি বৈশিষ্ট্য নির্দেশ করো।